


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭।

## প্রেস বিজ্ঞপ্তি

নথি নং- বাসককস/মামলা-১৩(গোপনীয়)/২০১৬/২০০

তারিখ : ০৮.০৮.২০১৬

৩১তম বিসিএস-এর প্রার্থী জনাব কাজী আরিফ বিল্লাহ, রেজিস্ট্রেশন নম্বর-০৮৯৬৩২ কর্তৃক মহামান্য হাইকোর্ট ডিভিশন-এ দায়েরকৃত রিট মামলা ৫২৪৩/২০১৩-এর উপর মাননীয় আদালত কর্তৃক ২৮.০৩.২০১৬ তারিখে প্রদত্ত রায়ের নির্দেশনা মতে সরকারী কর্ম কমিশনের ০২.০৪.২০১৩ তারিখের ৮০.২০০.০৬৪.০০. ০০.০০৩.২০১২/১৭৮নং প্রেস বিজ্ঞপ্তিতে কমিশন কর্তৃক অনুষ্ঠিতব্য সকল নিয়োগ পরীক্ষার (ক্যাডার ও নন-ক্যাডার) জন্য অযোগ্য ঘোষণার শাস্তি সরকারী কর্ম কমিশন কর্তৃক রহিত করা হয়েছে। ফলে সরকারী চাকরিতে নির্ধারিত বয়স থাকা সাপেক্ষে তিনি সরকারী কর্ম কমিশন কর্তৃক ঘোষিত বিজ্ঞপ্তি অনুযায়ী ক্যাডার/নন-ক্যাডার পদে আবেদন করার এবং পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য যোগ্য বিবেচিত হবেন। তবে তার ৩১তম বিসিএস-এর প্রার্থিতা এবং ক্যাডার পদের সুপারিশ বাতিলের সরকারী কর্ম কমিশনের পূর্ব সিদ্ধান্ত যথারীতি বহাল থাকবে।


  
(আ.ই.ম. নেহার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নথি নং- বাসককস/মামলা-১৩(গোপনীয়)/২০১৬/২০০ (১৫)

তারিখ : ০৭.০৮.২০১৬

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে।
- ২। বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
- ৩। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ আকারে বার বার প্রচার করতে তাকে অনুরোধ করা হলো।
- ৪। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।  
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
- ৫। বার্তা সম্পাদক  
.....  
বিষয়টি আপনার চ্যানেল-এ স্ক্রল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
(প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
(প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

  
(আ.ই.ম. নেহার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।